

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ অফিস
মক্কা আল মোকাররমা, সৌদি আরব।

নং-১৬.০৪.০০০০.০০০.১৮.০০৮.২০১৬-০৯


তারিখ : ১০.০৮.২০১৬ খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা হজ্জ মৌসুম ২০১৬ (১৪৩৭ হিঃ) সনে হজ্জ কার্যক্রমে অংশগ্রহণকারী ৪৮৩টি বেসরকারী এজেন্সীর সম্মানিত মালিক/মোনাঞ্জেমগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের ব্যবস্থাপনায় যে সকল সম্মানিত হজ্জযাত্রী পবিত্র হজ্জ পালনের জন্য সৌদি আরব এসেছেন তাঁদের আবাসনের বাড়ী/হোটেল পরিদর্শন অতি শীঘ্রই শুরু হবে। হজ্জ প্রশাসনিক দলের কর্মকর্তা/সদস্যগণের সমন্বয়ে গঠিত টিমের মাধ্যমে এ পরিদর্শন কার্যক্রম পরিচালিত হবে।

২। এমতাবস্থায়, যে সমস্ত এজেন্সীর হজ্জযাত্রীগণ ইতোমধ্যে সৌদি আরব আগমন করছেন এবং আগামী ১-২ দিনের মধ্যে আগমন করবেন, সে সমস্ত এজেন্সীর কর্তৃপক্ষকে দরখাস্তের মাধ্যমে কনসাল (হজ্জ)কে বিষয়টি অবহিতকরণসহ বাড়ী পরিদর্শনে সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে,


কাউন্সেলর (হজ্জ)

বাংলাদেশ হজ্জ অফিস
মক্কা আল মোকাররমা
সৌদি আরব।